

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ ডিপ্লোমা ইন ফিশারিজ পর্যায়ে

এমপিওভুক্তির জন্য Online আবেদন ফরম পূরণের নির্দেশিকা-২০২১

[অনলাইন আবেদন ফরমের তারকা (*) চিহ্নিত ফিল্ডসমূহ অবশ্যই পূরণ করতে হবে।]

১. অনলাইনে আবেদন করার পূর্বে নিম্নোক্ত ডকুমেন্ট (PDF ফরমেট এ স্ক্যান করে) সংগ্রহ করে রাখতে হবে:

- এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (টেকনোলজি) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি আদেশের সত্যায়িত কপি;
- এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (টেকনোলজি) সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি নবায়ন আদেশের সত্যায়িত কপি;
- পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;
- আবেদনের জন্য নির্ধারিত ফরমে এমপিওভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতिस্বাক্ষরিত হতে হবে;
- আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960 X 476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;

২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (কারিগরি) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/ পরিমার্জিত) অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলোকে বুঝাবে:

- সিটি কর্পোরেশন: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;
- পৌর এলাকা: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;
- মফস্বল: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে;
- স্বীকৃতি: স্বীকৃতি বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠানের অনুকূলে হালনাগাদ পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রদানকে বুঝাবে;

৩. অনলাইন আবেদন ফরম পূরণ:

- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট: www.tmed.gov.bd ; মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: www.dme.gov.bd ; কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: www.techedu.gov.bd এবং ব্যানবেইস এর ওয়েবসাইট: www.banbeis.gov.bd যে কোন একটি ওয়েবসাইটের লিংকে প্রবেশ করুন। এমপিওভুক্তির জন্য Online আবেদন ফরম-এ ক্লিক করুন;
- Window-টি খোলার পর নির্দিষ্ট জায়গায় আপনার প্রতিষ্ঠানের EIIN প্রদান করুন। অতঃপর Screen-এ আপনার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি প্রদর্শিত হবে;
- প্রদর্শিত তথ্যাদি সঠিক থাকলে নিচে Submit বাটন-এ ক্লিক করুন। অতঃপর নতুন Window প্রদর্শিত হবে এবং প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে One Time Password (OTP) প্রদান করা হবে। SMS-এর মাধ্যমে প্রাপ্ত OTP নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করুন এবং Submit বাটন-এ ক্লিক করুন;

৪. (ক) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফর্মের প্রথম অংশের (প্রতিষ্ঠানের সাধারণ তথ্য) ফিল্ড সমূহ পূরণ করতে হবে:

- বাংলাদেশ জাতীয় সংসদীয় এলাকার নাম ও নম্বর: আপনার শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদের যে সংসদীয় এলাকায় অবস্থিত সে সংসদীয় এলাকার নাম ও নম্বর নির্বাচন করুন;
- প্রশাসনিক এলাকার ধরন; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ধরন; ভৌগোলিক অবস্থান; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত অধিকাংশ শিক্ষার্থী কোন অনগ্রসর জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত- এই চারটি ফিল্ডের জন্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য উত্তর নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানের অবকাঠামো যে ভূমির উপর অবস্থিত তা ঐ প্রতিষ্ঠানের নামে পর্চা (খতিয়ান)/ নামজারি আছে কি-না নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানটি যুদ্ধাপরাধী ব্যক্তির নামে অথবা ফৌজদারী অপরাধে ২ বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণকৃত কি-না নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানটি একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি প্রাপ্ত কি-না নির্বাচন করুন;
- একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি হালনাগাদ নবায়ন ১০.১০.২০২১ তারিখ পর্যন্ত আছে কি-না নির্বাচন করুন। অতঃপর Save বাটন-এ ক্লিক করুন;

৪. (খ) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি হালনাগাদ তথ্য প্রদান করতে হবে:

- প্রার্থিত স্তরে (টেকনোলজি) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি তারিখ:

DD	MM	YYYY
----	----	------
- প্রার্থিত স্তরে (টেকনোলজি) সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি নবায়নের তারিখ:

DD	MM	YYYY
----	----	------
- প্রার্থিত স্তরে (টেকনোলজি) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি মেয়াদ উত্তীর্ণের তারিখ:

DD	MM	YYYY
----	----	------

৪. (গ) সংযুক্তির বিবরণ: সংশ্লিষ্ট সংযুক্তি ঘরে নিম্নবর্ণিত কপিসমূহ PDF আকারে আপলোড করতে হবে:

- (i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (টেকনোলজি) একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি আদেশের সত্যায়িত কপি;
- (ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে (টেকনোলজি) সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/পাঠদান অনুমতি নবায়ন আদেশের সত্যায়িত কপি;
- (iii) পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;
- (iv) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960 X 476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;
- (v) আবেদনের জন্য নির্ধারিত ফরমে এমপিওভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতীক্ষাকরিত হতে হবে;
- (vi) প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;

সকল ফিল্ডে তথ্য পূরণ সম্পন্ন হলে **Preview** বাটন-এ ক্লিক করুন- নতুন একটি Window প্রদর্শিত হবে। Window টি তে **All Information Correct** বাটন-এ ক্লিক করুন। অতঃপর **Submit Application** বাটন-এ ক্লিক করে আবেদন সমপন্ন করুন। উল্লেখ্য, **All Information Correct** বাটন-এ ক্লিক না করলে **Submit Application** বাটন-টি Active (চালু) হবে না।

৫. **Submit Application** বাটন-এ ক্লিক করার পর আবেদন সম্পন্ন হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ হলে “ধন্যবাদ, আপনার আবেদনটি সফলভাবে সংরক্ষণ করা হয়েছে। আপনি যদি আরো কোনো স্তরে আবেদন/দাখিলকৃত আবেদন সংশোধন করতে চান তাহলে পুনরায় লগইন করে সঠিক তথ্য দিয়ে আবেদন করুন।” Message প্রদর্শিত হবে। প্রতি স্তরে আবেদন সম্পন্ন করার পর প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
৬. এমপিওভুক্তির আবেদন **Submit** করার পর আবেদনের তথ্য প্রয়োজনে সংশোধন (**Edit**) করা যাবে। সেক্ষেত্রে **Online** আবেদন ফরমে পুনরায় **EIN** দিয়ে লগইন (**Login**) করে প্রথমবারের আবেদনের ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডের তথ্য সংশোধনের পর **Submit Application** বাটন-এ ক্লিক করে প্রিন্ট কপি সংরক্ষণ করুন।
৭. প্রদর্শিত তথ্য পরিবর্তনের জন্য ০১৫৭১৭৩৭০৩৩, ০১৫৫২৪৯২৭৭৮, ০১৯১৪৮৯০৫০৮, ০১৯৩৬৫৮৩৮৫৬, ০১৭২৩২০৭৫৭৭, ০১৯২৪২১৭৯৪৭ নম্বরে এবং ই-মেইল: mpo@banbeis.gov.bd যোগাযোগ করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রত্যয়নসহ মহাপরিচালক, ব্যানবেইস বরাবর আবেদন mpo@banbeis.gov.bd এ প্রেরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: অনলাইন এমপিও সফটওয়্যারে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত। অনলাইন আবেদন ফরমে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংশোধন/পরিবর্তনের সুযোগ নেই।